

# সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫০৬৩ ৩৭/ নিদ্রা সম্পর্কীয় (کتاب النوم) পরিচ্ছেদঃ ৩২. প্রতিবেশীর হক সম্পর্কে।

باب فِي حَقِّ الْجِوَارِ

### আরবী

حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ نَافِعِ أَبُو تَوْبَةَ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَيَّانَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلاَنَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم يَشْكُو جَارَهُ فَقَالَ " اَذْهَبْ فَاطْرَحْ مَتَاعَكَ فِي الطَّرِيقِ " . اَذْهَبْ فَاطْرَحْ مَتَاعَكَ فِي الطَّرِيقِ " . فَطَرَحَ مَتَاعَهُ فِي الطَّرِيقِ " . فَطَرَحَ مَتَاعَهُ فِي الطَّرِيقِ فَجَعَلَ النَّاسُ يَسْأَلُونَهُ فَيُخْبِرُهُمْ خَبَرَهُ فَجَعَلَ النَّاسُ يَلْعَنُونَهُ فَعَلَ اللَّهُ بِهِ وَفَعَلَ وَفَعَلَ وَفَعَلَ فَجَاءَ إِلَيْهِ جَارُهُ فَقَالَ لَهُ ارْجِعْ لاَ تَرَى مِنِّي شَيْئًا تَكْرَهُهُ .

#### বাংলা

৫০৬৩. রাবী ইবন নাফি (রহঃ) .... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একবার এক ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে উপস্থিত হয়ে তার প্রতিবেশী সম্পর্কে অভিযোগ পেশ করলে, তিনি বলেনঃ তুমি যাও এবং সবর কর। এরপর সে ব্যক্তি আরো দু'তিনবার এসে অভিযোগ করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ তুমি যাও এবং তোমার মালপত্র বের করে রাস্তায় রাখ। সে ব্যক্তি তার মাল-পত্র রাস্তায় বের করে রাখলে, লোকেরা তার কাছে এর কারণ জানতে চায়। তখন সে তাদের তার প্রতিবেশীর খবর জানিয়ে দেয়। তখন লোকেরা তার কাছে গিয়ে তাকে গালমন্দ করতে থাকে। তখন সে ব্যক্তি তার প্রতিবেশীর কাছে উপস্থিত হয়ে বলেঃ তুমি তোমার ঘরে ফিরে চলো, এখন থেকে আমি তোমার সাথে আর কোন খারাপ ব্যবহার করবো না।

## **English**

#### Abu Hurairah said:

A man came to the prophet (May peace be upon him) complaining against his neighbor. He said: go and have patience. He again came to him twice or thrice. He then said: Go and throw your property in the way. So he threw his property in the way and the people began to ask him and he would tell them about him. The people then began to curse him; may Allah do with him so



and so! Then his neighbor came to him and said: Return, you will not see from me anything which you dislike.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন